**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৪০-আইন/২০২৬/৩৪৫-মূসক।-** জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ৩ এর-

(ক) উপ-বিধি (১) এর টেবিলের কলাম (১) এর-

(অ) ক্রমিক নং ৪০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

| | | | |
|---|---|---|---|
| “৪১. | S০৮৩.০০ | সেমিকন্ডাক্টর এসেম্বলি, টেস্টিং ও প্যাকেজিং সেবা | ১৫%”; |

(আ) ক্রমিক নং ৪১, ৪২, ৪৩ ও ৪৪ ক্রমিক নং ৪২, ৪৩, ৪৪ ও ৪৫ হিসেবে পুনসঙ্খ্যায়িত হইবে, যথা:-

(খ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৩ক) সন্নিবেশিত হইবে, যথা:-

“(৩ক) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা আমদানির ক্ষেত্রে, আমদানিকারক আইনের ধারা ২০ ও ৪৬ মোতাবেক সংশ্লিষ্ট কর মেয়াদের মূসক দাখিলপত্রে “উৎপাদ কর” এবং “উপকরণ কর” হিসেবে প্রদর্শন করিবে এবং ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাকৃত অর্থ দাখিলপত্রের অংশ-৯ এর নোট ৫৮ এ জমাকৃত মূসক হিসেবে প্রদর্শন করিবে:

তবে শর্ত থাকে যে, আইনের ধারা ৪৬ মোতাবেক যে সকল ক্ষেত্রে রেয়াত প্রযোজ্য নয় সেই সকল ক্ষেত্রে “উপকরণ কর” হিসেবে প্রদর্শন করা যাইবে না।”; এবং

(গ) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৫) স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী সেবার ক্ষেত্রে ভাড়া গ্রহণকারী কর্তৃক এ-চালান বা ই-পেমেন্টর মাধ্যমে ভাড়ার

উপর ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক পরিশোধ করিতে হইবে এবং সেবা গ্রহণকারী কর্তৃক দাখিলপত্র প্রদানকালে পরিশোধিত মূসকের প্রমাণক দাখিলপত্রের ট্রেজারি জমার নির্দিষ্ট অংশে প্রদর্শন করিতে হইবে।";

(২) বিধি ৪ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "গণ্য হইবে না" শব্দগুলির পর "এবং কোন ব্যবসায়ী ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক পরিশোধপূর্বক পণ্য সরবরাহ করিলে যোগানদার হিসেবে বিবেচিত হইবে না" শব্দগুলি, সংখ্যাগুলি, চিহ্ন ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে;

(৩) বিধি ৫ এর-

(ক) দফা (খ) এর শর্তাংশে উল্লিখিত "Integrated VAT Administration System (IVAS)" এন্ট্রিগুলির পরিবর্তে "eVAT" এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঝ) এর শেষাংশে উল্লিখিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(গ) দফা (ঞ) এর প্রান্ত:স্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ট) সংযোজিত হইবে, যথা:-

"(ট) নিবন্ধিত স্টার্টআপ প্রতিষ্ঠান কর্তৃক যে কোন সরবরাহ।"।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
( মোঃ মশিউর রহমান )
প্রথম সচিব (মূসক নীতি)